=১=

ঢাকা ওয়াসা

১। অনুমোদিত বার্ষিক ক্রয় পরিকল্পনার কপি।
২। কম্পাউন্ডের মালামালের ছবি।
৩। পিপিআর-২০০৮ এর ৮২(১) ধারার ফটোকপি।
৪। অর্থ মন্ত্রণালয়ের পরিপত্র।
৫। প্রাক্কলন।

বিষয়: বাহির থেকে দৈনিক মজুরীর ভিত্তিতে লোকবল নিয়োজিত করে ভান্ডার বিভাগ থেকে জেনারেটর রক্ষণাবেক্ষণ কাজের বিভিন্ন ভারী মালামাল আনয়ন,অব্যবহৃত নিলামযোগ্য মালামাল সমূহ এমআরএস এর মাধ্যমে ভান্ডারে প্রেরণ এবং জেনারেটর বিভাগের অফিস কম্পাউন্ডের ময়লা আবর্জনা সিটি কর্পোরেশন এর ডাম্পিং গ্রাউন্ডে প্রেরণ এর কাজ সম্পাদন প্রসঙ্গে।

১। উপর্যুক্ত বিষয় এর প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, জেনারেটর বিভাগের মাধ্যমে বিভিন্ন পাম্প স্টেশন সমূহে স্থাপিত ডিজেল জেনারেটর এর যাবতীয় ট্রাবল শুটিং, রক্ষণাবেক্ষণ, সার্ভিসিং, শিফটিং ইত্যাদি আনুষঙ্গিক কাজসমূহ সম্পাদন করা হয়। যার কারণে, জেনারেটর এর রক্ষণাবেক্ষন কাজের প্রয়োজনে প্রায়শ: ভান্ডার বিভাগ থেকে সাপ্লাই চেইন ম্যানেজমেন্ট সফটওয়্যার এর মাধ্যমে ট্রান্সফার রিকুইজিশন দ্বারা বিশেষ করে ভারী মালামাল যেমনঃ সাইলেন্সার পাইপ, চেইঞ্জ ওভার সুইচ, বিভিন্ন রকমের ফিল্টার, গ্যাস জেনারেটর ও কুলিং টাওয়ার এর ভারী মালামাল ইত্যাদি আনয়ন করা হয়ে থাকে। তাছাড়া অব্যবহৃত নিলামযোগ্য বিভিন্ন রকমের ভারী মালামাল সমূহ ভান্ডারে প্রেরণের প্রয়োজন হয়। তাছাড়া, জেনারেটর বিভাগের অফিস কম্পাউন্ডের ময়লা আবর্জনা সিটি কর্পোরেশনের ডাম্পিং গ্রাউন্ডে প্রেরণ করে অনুকূল কর্মপরিবেশ নিশ্চিত করা প্রয়োজন।অত্র বিভাগে প্রয়োজনের তুলনায় ফিল্ড পর্যায়ের কর্মরত জনবল খুবই অপ্রতুল। যার কারনে বাহির থেকে দৈনিক মজুরীর ভিত্তিতে লোকবল নিয়োজিত করে বর্ণিত কাজ সমূহ বাস্তবায়ন করা প্রয়োজন হয়ে পড়ে। এতদলক্ষ্যে, যাবতীয় কাজ সম্পাদনের জন্য অর্থ মন্ত্রণালয়ের পরিপত্রের অনুমোদিত দরের ভিত্তিতে একটি খরচের প্রাক্কলন তৈরি করা হয়েছে। প্রাক্কলনে আলোচ্য কাজের মোট ব্যয়ভার দাড়িঁয়েছে ২৪,০০০.০০ (চব্বিশ হাজার) টাকা মাত্র। আলোচ্য কাজের ব্যয়ভার জেনারেটর বিভাগের ২০২৫-২৬ অর্থ বছরের অনুমোদিত বার্ষিক ক্রয় পরিকল্পনার জেনারেটর রক্ষণাবেক্ষণ খাতের ক্রমিক নং-৮.১৩ হতে নির্বাহ করা হবে। উপস্থাপিত কাজটি পিপিআর-২০০৮ এর ৮২(১) ধারা অনুযায়ী সম্পাদন করা হবে। উল্লেখ্য যে, কাজ সম্পাদনের পর প্রকৃত খরচের ভিত্তিতে আনীত টাকা পরিশোধিত ভাউচার দ্বারা সমন্বয় করা হবে।

২। এমতাবস্থায়, বিভাগীয় কাজের স্বার্থে বিষয়ভুক্ত কাজটি সম্পাদনের লক্ষ্যে কাজটি পিপিআর-২০০৮ এর ৮২(১) ধারা অনুযায়ী সম্পাদনের লক্ষ্যে প্রস্তুতকৃত ২৪,০০০.০০ (চব্বিশ হাজার) টাকা মাত্র, প্রাক্কলনটির সদয় অনুমোদন দেয়া যেতে পারে। আলোচ্য নথির অনুমোদনের ক্ষমতা প্রধান প্রকৌশলী মহোদয়ের আওতাধীন।

নিঃস্বাঃ

16/9/25
উপ-সহকারী প্রকৌশলী
জেনারেটর বিভাগ
ঢাকা ওয়াসা।

16/9/25
মোঃ আনিসুল ইসলাম
উপ-সহকারী প্রকৌশলী
জেনারেটর বিভাগ, ঢাকা ওয়াসা।

রুবিনা
১৬/৯/২৫
রুবিনা সুলতানা
উপ-বিভাগীয় প্রকৌশলী
জেনারেটর বিভাগ
ঢাকা ওয়াসা।

16.09.25
নির্বাহী প্রকৌশলী
জেনারেটর বিভাগ, ঢাকা ওয়াসা।

SE

23.09.2025
তত্ত্বাবধায়ক প্রকৌশলী
আর,পি,ই এন্ড এম সার্কেল,
ঢাকা, ওয়াসা।

অনুমোদিত

প্রকৌশলী মোঃ আব্দুস সালাম ব্যাপারী
প্রধান প্রকৌশলী
ঢাকা ওয়াসা।

SE, KPEEM / EE Generator Div